



পাকিস্তানের সঙ্গে সম্পর্ক রাখা জরুরি: মার্কিন পররাষ্ট্রমন্ত্রী



মার্কিন পররাষ্ট্রমন্ত্রী রুবিও। ছবি: সংগৃহীত

পাকিস্তানের সঙ্গে যুক্তরাষ্ট্রের সম্পর্ক বজায় রাখা জরুরি বলে মন্তব্য করেছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও। তবে অন্য কোনো দেশের সঙ্গে ওয়াশিংটনের সম্পর্ক ভারতের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষতি করে হবে না বলে আশ্বস্ত করেছেন তিনি।

ভারতীয় সংবাদমাধ্যম দ্য ইন্ডিয়ান এক্সপ্রেস-কে দেওয়া এক সাক্ষাৎকারে রুবিও এসব কথা বলেন। পাকিস্তান ও চীনের সঙ্গে যুক্তরাষ্ট্রের ক্রমবর্ধমান সম্পর্ক নিয়ে ভারতের উদ্বেগের বিষয়ে তিনি বলেন, বর্তমান বৈশ্বিক পরিস্থিতি ১৯৭০-এর দশকের তুলনায় অনেক বদলে গেছে। তাই সে সময়ের মার্কিন পররাষ্ট্রনীতির সঙ্গে বর্তমান পরিস্থিতির তুলনা করা ঠিক নয়। পাকিস্তানের প্রতিরক্ষা প্রধান আসিম মুনিরের সঙ্গে ট্রাম্প প্রশাসনের ঘনিষ্ঠতা প্রসঙ্গে রুবিও বলেন, ইসলামাবাদের সঙ্গে যোগাযোগ বজায় রেখে যুক্তরাষ্ট্র এমন পদক্ষেপ নিরুৎসাহিত করতে পারে, যা আঞ্চলিক সংঘাতের ঝুঁকি বাড়াতে পারে।

দুই দিনের ভারত সফরে থাকা রুবিও ইউক্রেন যুদ্ধ বন্ধের প্রচেষ্টার জটিলতার কথাও তুলে ধরেন। তাঁর মতে, যুদ্ধের সমাধান সহজ হলে তা অনেক আগেই শেষ হয়ে যেত।